

# যুগান্তর

প্রিন্ট: ২৪ জুন ২০২৬, ১১:০৩ পিএম

জাতীয়

## ২০২৭ থেকে মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষাও অভিন্ন প্রশ্নপত্রে: শিক্ষামন্ত্রী

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৪ জুন ২০২৬, ০৬:২৬ পিএম



ছবি: পিআইডি



পরবর্তী খেলা



কানাডা

বিসি গ্লেন্স, ভ্যাঙ্কুভার, কানাডা

গ্রুপ বি

-

রাত ১টা

সুইজার...



পরবর্তী খেলাসমূহ

বৃহস্পতিবার ২৫ জুন ২০২৬



বসনিয়া ...

লুমেন ফিল্ড, সিয়াটল, যুক্তরাষ্ট্র

[গ্রুপ বি] রাত ১টা

কাতার



বৃহস্পতিবার ২৫ জুন ২০২৬



স্কটল্যান্ড

হার্ড রক স্টেডিয়াম, মায়ামি, যুক্তরাষ্ট্র

[গ্রুপ সি] ভোর ৪টা

ব্রাজিল



দেশের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য দূর করতে আগামী বছর (২০২৭) থেকে সাধারণ শিক্ষা বোর্ডের পাশাপাশি মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা বোর্ডের সব আবশ্যিক ও সাধারণ বিষয়ের পরীক্ষা একই দিনে এবং অভিন্ন (একক) প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন মন্ত্রী ড. আনাম আহমদ এহছানুল হক মিলন।

বুধবার সকালে রাজধানীর আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজ অডিটোরিয়ামে আসন্ন 'এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৬' উপলক্ষে চার শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবদের সঙ্গে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা জানান।

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বলেন, 'একটি রাষ্ট্র, একটি শিক্ষা মন্ত্রণালয় এবং একই সিলেবাস হওয়া সত্ত্বেও দেশের বিভিন্ন বোর্ডে আলাদা আলাদা প্রশ্নপত্রে পরীক্ষা হওয়ার কোনো যৌক্তিকতা নেই। আমরা এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডকে এক সূতায় বেঁধেছি, একক প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। আগামী বছর থেকে মাদ্রাসা ও কারিগরি বোর্ডের ক্ষেত্রেও বাংলা, ইংরেজির মতো সাধারণ বিষয়গুলোর পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে একযোগে অনুষ্ঠিত হবে।'

এ সময় চলতি বছরের এইচএসসি পরীক্ষায় একক প্রশ্নপত্র চালুর চ্যালেঞ্জ প্রসঙ্গে কর্মকর্তাদের সতর্ক করেন শিক্ষামন্ত্রী।

তিনি বলেন, 'বিজি প্রেস থেকে সঠিক নিয়মে প্রশ্নপত্র পাঠানো হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং সংশ্লিষ্টদের সঙ্গে সমন্বয় করে কোড অনুযায়ী সঠিক প্রশ্নপত্র পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে হবে। প্রশ্ন বিতরণে কোনো ভুল বা কোড বিভ্রাট ঘটলে সরি বা দুঃখ প্রকাশ করে পার পাওয়া যাবে না। যার ভুল, তাকেই কঠোর শাস্তির মুখোমুখি হতে হবে।'

এ সময় শিক্ষামন্ত্রী আরও জানান, ২০২৭ সাল থেকে এসএসসি পরীক্ষা জানুয়ারি মাসে অনুষ্ঠিত হবে। মন্ত্রী বলেন, সংসদে আগের পরীক্ষা আইন সংশোধন করে বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে।